মসজিদে হদ্দ (শরী‘আতের শাস্তি) কার্যকর করা যাবে না এবং তাতে কিসাস কার্যকর করা যাবে না।

হাকীম ইবন হিযাম রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “মসজিদে হদ্দ
(শরী‘আতের শাস্তি) কার্যকর করা যাবে না এবং তাতে কিসাস কার্যকর করা যাবে না।”
[হাসান] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

মহান সাহাবী হাকীম ইবন হিযাম রাদিয়াল্লাহু ‘আনহু বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম মসজিদে হদ্দ (শরী‘আতের শাস্তি) কার্যকর করতে নিষেধ করেছেন। অর্থাৎ মসজিদে কোন ধরনের হদ্দ কায়েম করা যাবে না। চাই তা আল্লাহর হকের সাথে সম্পৃক্ত হদ্দ হোক বা মানুষের হকের সাথে। কেননা এতে মসজিদের পবিত্রতা নষ্ট করে এক ধরনের অসম্মান করা হয়।এ ছাড়াও আঘাত বা পেশাব-পায়খানার কারণে তা অপবিত্র হতে পারে। অধিকন্তু মসজিদ সালাত ও আল্লাহর যিকিরের জন্য নির্মাণ করা হয়েছে; হদ্দ কায়েম করার জন্য নয়। হাদীসটি মসজিদে হদ্দ কায়েম করা ও কিসাস নেওয়া হারাম হওয়ার দলিল। কেননা উসূলে ফিকাহের নিয়মানুযায়ী নিষেধাজ্ঞা মূলত হারাম সাব্যস্ত করার জন্য ব্যবহৃহ হয়। আর এখানে হাকীকী (প্রকৃত) অর্থ থেকে সরে যাওয়ার (অর্থাৎ হারাম না হওয়ার) কোন কারণ নেই।

https://sunnah.global/hadeeth/bn/show/10892